মেঘনা পেট্রোলিয়ামে ১৫ পদে চাকরি, বেতন স্কেল ২২,০০০ থেকে ৫৭,৫১০ টাকা

মেঘনা পেট্রোলিয়াম পিএলসিতে ৬ ক্যাটাগরির পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। মোট পদসংখ্যা ১৫। আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর ২০২৬।
চাকরির বিবরণ
১. সিনিয়র অ্যাকাউন্টস অফিসার
পদসংখ্যা: ২
বেতন স্কেল
২৯,০০০-৫৭,৫১০ টাকা
২. সিনিয়র এইচআর অফিসার পদসংখ্যা: ১
বেতন স্কেল
২৯,০০০-৫৭,৫১০ টাকা।
৩. অপারেশন্স অফিসার পদসংখ্যা: ৮
বেতন স্কেল
২৩,০০০-৫৫,৪৭০ টাকা
৪. অ্যাকাউন্টস অফিসার পদসংখ্যা: ২
বেতন স্কেল
২৩,০০০-৫৫,৪৭০ টাকা

৫. অফিসার (কনফিডেনশিয়াল)

পদসংখ্যা: ১

বেতন স্কেল

২৩,০০০-৫৫,৪৭০ টাকা

পদসংখ্যা: ১

বেতন স্কেল

২২,০০০-৫৩,০৬০ টাকা

আবেদনের নিয়ম

প্রার্থীগণকে ওয়েব সাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে।

আবেদন ফি

২২৩ টাকা (সার্ভিস চার্জসহ)।

আবেদনের সময়সীমা

আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১ সেপ্টেম্বর ২০২৬, সকাল ১০টা।

আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬, বিকাল ৫টা।

বিস্তারিত দেখুন ঠিকানায়।

তরুণদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মেহেরপুরে চাকরি মেলার

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সুমাইয়া রহমান বলেন, দারিদ্র্য বিমোচন সংস্থার এ উদ্যোগের মাধ্যমে জেলার বেকার যুবকরা কর্মসংস্থানের সুযোগ খুঁজে পাবে এবং স্বাবলম্বী হতে পারবে।

আয়োজকরা জানান, এ ধরনের চাকরি মেলার মাধ্যমে বেকারত্ব হ্রাসের পাশাপাশি দক্ষ জনশক্তি তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সম্ভব হবে।

অনুষ্ঠান শেষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম ও অতিথিরা বেলুন উড়িয়ে চাকরি মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এ সময় দারিদ্র্য বিমোচন সংস্থা ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৯ শিক্ষককে কারণ দর্শানো নোটিশ

নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের বার্ষিক সমাপনী পরীক্ষা গ্রহণে অসহযোগিতা করা ও পরীক্ষা গ্রহণে বাধা প্রদানের অভিযোগে গাংনী উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ৯ জন শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার। গতকাল বুধবার দুপরে গাংনী উপজেলা শিক্ষা অফিস থেকে নোটিশ প্রদান করা হয়।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র স্বাক্ষরিত কারণ দর্শানোর চিঠিতে বলা হয়- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নির্ধারিত সময়ে বার্ষিক পরীক্ষা গ্রহণে অসহযোগিতা করা ও পরীক্ষা গ্রহণে বাধা প্রদানের কারণে তাদের কেনো শাস্তি দেওয়া হবে না তা ৩ কার্যদিবসের মধ্যে উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে জবাব দিতে নির্দেশ দেয়া হয়েছে।

কারণ দর্শানোর নোটিশপ্রাপ্ত শিক্ষকগণ হলেন, পলাশী সরকারি

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তারুজ্জামান বকুল, তেরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাকিউল ইসলাম, কুলবাড়িয়া হারেস উদ্দীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক তানভীর কবীর, হিজলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সেলিম আহমেদ, বেতবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক রোকনুজ্জামান, হাড়িয়াদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক লাবনী খাতুন, এলাঙ্গী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হাসান আলী, করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইব্রাহিম খলিল, ধানখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সাজেদা পারভীন।

এ বিষয়ে গাংনী উপজেলা শিক্ষক সমিতির সভাপতি আক্তারুজ্জামান বকুল বলেন, আমি কারণ দর্শানো নোটিশ পেয়েছি। প্রতিটি বিদ্যালয়েই পরীক্ষা গ্রহণ করা হয়েছে। পরীক্ষায় বাধা প্রদানের বিষয়টি আমার জানা নেই। তবে আমি শিক্ষক নেতা হিসেবে প্রথম থেকেই সহকারী শিক্ষকদের বুঝিয়ে বার বার বিদ্যালয়ে ফিরিয়ে আনার চেষ্টা করেছি। শেষ পর্যন্ত যেদিন উপজেলার মধ্যে শিক্ষকগণ অবস্থান করছিলেন সেদিন আমি শিক্ষকদের বোঝাতে গিয়েছিলাম কিন্তু কে বা কারা মানববন্ধন বলে প্রচার করেছে। আসলে সেখানে কোনো মানববন্ধন হয়নি।

১০০০ কর্মী নেবে দারাজ, লাগবে না অভিজ্ঞতা

অনলাইন শপিং মার্কেট প্লেস দারাজ বাংলাদেশ লিমিটেডে ‘ডেলিভারি ম্যান’ পদে এক হাজার কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আগ্রহীরা আগামী ২৪ নভেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রার্থীর নিজ জেলায় কাজের সুযোগ পাবেন।

প্রতিষ্ঠানের নাম: দারাজ বাংলাদেশ লিমিটেড

পদের নাম: ডেলিভারি ম্যান

পদসংখ্যা: ১০০০ জন

শিক্ষাগত যোগ্যতা: এসএসসি অথবা সমমান

অভিজ্ঞতা: প্রযোজ্য নয়

বেতন: ১৫,০০০ থেকে ৪০,০০০ টাকা পর্যন্ত আয়ের সুযোগ

অন্যান্য সুযোগ-সুবিধা: পার্সেল প্রতি কমিশন ১৮ থেকে ৩০ টাকা, হাজিরা বোনাস ৪,০০০ টাকা, উৎসব ভাতা, কাস্টমারদের ফোন করার জন্য অফিস থেকে সিম দেওয়া হয়, দুর্ঘটনা জনিত চিকিৎসা সুবিধা ও জীবন বীমা সুবিধা।

চাকরির ধরন: চুক্তিভিত্তিক

প্রার্থীর ধরন: পুরুষ

বয়স: সর্বনিম্ন ১৮ বছর

কর্মস্থল: যে কোনো স্থান

আবেদনের নিয়ম: আগ্রহীরা এখানে ক্লিক করে আবেদন করতে পারবেন।

সূত্র: যুগান্তর ।

সমন্বিত ৯ ব্যাংকে বড় নিয়োগ, পদ ১০১৭

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ৯টি ব্যাংক ও ২টি আর্থিকপ্রতিষ্ঠানে ‘সিনিয়র অফিসার (সাধারণ)’ পদে ১০১৭ জনকে নিয়োগ দেওয়া হবে। গতকাল মঙ্গলবার (৭ অক্টোবর) এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ ব্যাংক। আগ্রহীরা আগামী ১০ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ ব্যাংক

পদের নাম: সিনিয়র অফিসার (সাধারণ)

পদ সংখ্যা: ১,০১৭টি

সোনালী ব্যাংক পিএলসি ১১৮টি, অগ্রণী ব্যাংক পিএলসি ২০০টি, রূপালী ব্যাংক পিএলসি ৭৫টি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ২১টি, বাংলাদেশ কৃষি ব্যাংক ৩৯৮টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ০৬টি, কর্মসংস্থান ব্যাংক ১৮টি, প্রবাসী কল্যাণ ব্যাংক ৩৭টি, পল্লী সঞ্চয় ব্যাংক ১১৪টি, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন ১৫টি এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ১৫টি ।

বেতন স্কেল: জাতীয় বেতন স্কেল ২০১৫ এর টাকা ২২০০০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।

শিক্ষাগত যোগ্যতা

ক)স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদী স্নাতক /স্নাতক(সম্মান) ডিগ্রি থাকতে হবে।

খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।

গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।

বয়স: ০১/০৭/২০২৫ তারিখে সকল প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর।

আবেদন যেভাবে: আগ্রহী প্রার্থীরা আবেদন করতে ও বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন।

আবেদনের শেষ সময়: ১০ নভেম্বর ২০২৫, রাত ১১:৫৯টা।

[redacted]

[redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]: [redacted]

[redacted]

অধিদপ্তরে বড় নিয়োগ

তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত পদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের কাছ থেকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করেছে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি অধিদপ্তর।

আবেদন ফরম পূরণ ও ফি জমা শুরু হয়েছে সোমবার (১৮ আগস্ট) থেকে। এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

তবে পরবর্তী সময় এ সংক্রান্ত বিধিবিধানের কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

পদের নাম ও বেতন স্কেল

১. অফিস সহায়ক

পদসংখ্যা: ৪৯৭

গ্রেড: ২০

বেতন স্কেল: ৮,২৫০- ২০,০১০ টাকা

শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।

বয়সসীমা

১৮ আগস্ট ২০২৫ তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
আবেদনের প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা অনলাইনে ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনপত্রে গুরুত্বপূর্ণ তারিখ

আবেদনপত্র পূরণ ও ফি জমার শুরুর তারিখ: ১৮ আগস্ট ২০২৫, সকাল ১০টা থেকে। আবেদনপত্র জমার শেষ তারিখ ১৭ সেপ্টেম্বর ২০২৫, বিকেল ৫টা পর্যন্ত।

* আবেদনের বিস্তারিত জানতে ও আবেদনের পদ্ধতি জানতে এখানে ক্লিক করুন

সূত্র: কালের কন্ঠ

পানি উন্নয়ন বোর্ডে ফের বড় নিয়োগ, পদ ৪৬৮

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জনবল নিয়োগে নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট পদে জনবল নিয়োগে এ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের কাছ থেকে অনলাইনে আবেদন আহ্বান করা হয়েছে। নারী প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করেছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

পদের নাম ও বেতন গ্রেডসহ বিবরণ

পদের নাম: ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট

পদসংখ্যা: ৪৬৮
বেতন গ্রেড: ১৬

বেতন স্কেল: ৯,৩০০–২২,৪৯০ টাকা

শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা: উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। নির্মাণকাজে অন্যূন এক বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

বয়সসীমা: ১ আগস্ট ২০২৫ তারিখে আবেদনকারীর বয়স ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি বা সমমান সনদ ব্যতীত অন্য কোনো প্রশংসাপত্র বা অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
আবেদন ফি: পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ১০০ টাকা পেমেন্ট করতে হবে।

আবেদন যেভাবে: আগ্রহী প্রার্থীরা আবেদন করতে ও বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন।

আবেদনের শেষ সময়: ১৮ সেপ্টেম্বর, ২০২৫।

সূত্র: যুগান্তর

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে চাকরির মেলা

কারিগরী ও তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন নতুন ও অভিজ্ঞ প্রার্থীদের চাকরির সুযোগ করে দিতে ঝিনাইদহে দিনব্যাপী “জব ফেয়ার” শীর্ষক চাকরি মেলা ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) সকাল ১০টায় ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে ঝিনাইদহ চেম্বার অব কমার্সের সভাপতি মোয়াজ্জেম হোসেন এই মেলার উদ্বোধন করেন ।

এ সময় ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. আনিচুর রহমান মৃধা, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, মডার্ণ ফার্মাসিটিক্যালস’র প্রতিনিধি এবিএম জাহাঙ্গীর হোসেন, জিএম আলমগীর হোসেন, আইডিইবির সভাপতি ইয়াসিন আলী, শৈলকুপা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সামায়ন হোসেন, ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক হাদিউজ্জামান, আবু

সাইদ, মনির হোসেন ও হুমায়ন কবীর, মনিরুজ্জামন উজ্জাল প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের ১১টি প্রতিষ্ঠান মেলায় অংশ গ্রহন করে। অংশগ্রহনকারী প্রতিষ্ঠানগুলো হচ্ছে, জোহান ড্রিম ভ্যালি, জোহান এগ্রো ফুড, সিও, সৃজনী ফাউন্ডেশন, ওয়ালটন, এফএনএফ ফার্মাসিউটিক্যালস, সার্ফ এগ্রো, ফ্রিডম অ্যাডভান্সমেন্ট, আয়ান এন্টার প্রাইজ ও ই-লানিং এন্ড আর্নিং।

সকাল থেকে মেলাপ্রাঙ্গণ ঘুরে দেখা যায়, চাকরিপ্রার্থীরা প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিদের সঙ্গে কথা বলে সিভি জমা দিচ্ছেন। ই-মেইলে ও স্ক্যান করে সিভি নেওয়া হচ্ছে। চাকরিদাতা প্রতিষ্ঠানগুলো মোবাইল সার্ভিসিং, অটোমোবাইলম ফার্ম মেশিনারী, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, আইটি ও ওয়েব ডেভেলপমেন্ট পদের জন্য সিভি জমা দিচ্ছেন।

ঝিনাইদহ ছাড়াও আশপাসের জেলা ও গ্রাম থেকে শত শত শিক্ষিত যুবক এসেছেনএ মেলায়। সাধুহাটী থেকে আসা আজমুস সাকিব জানান, তিনি অনার্স পড়ছেন। পাশাপাশি চাকরির জন্য জন্য মেলায় এসেছেন। তিনটি প্রতিষ্ঠানে তিনি সিভি দিয়েছেন।

ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. আনিচুর রহমান মৃধা জানান, প্রতিষ্ঠানটি কারিগরী শিক্ষার একটি মডেল হিসেবে গড়ে তোলা হচ্ছে, যাতে এখান থেকে শিক্ষা নিয়ে নিজে কর্ম করে পরিবারে সচ্ছলতা আনতে পারেন।

তিনি জানান, ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠান থেকে প্রায় তিন’শ যুবক কারিগরী দক্ষতা অর্জন করে বিদেশে গেছেন। সম্প্রতি শিক্ষা বৃত্তি নিয়ে ৪০ জন চিনে গেছেন। ব্রিটিশ আমলে এখানে যে ওয়ার্কসপ প্রতিষ্ঠিত হয়েছে, তা অন্য কোথাও নেই বলেও অধ্যক্ষ জানান।
এদিকে সকাল থেকেই মেলায় চাকরিপ্রার্থীরা আসতে থাকেন। বেলা বাড়ার সাথে সাথে ভিড় বাড়তে থাকে মেলা প্রাঙ্গনে। মেলায় ১০/১২ হাজার চাকরিপ্রার্থী নিবন্ধন করতে পারেন বলে আয়োজকরা মনে করছেন।

এছাড়া মেলা আয়োজনের পাশাপাশি দুপুরে জর ফেয়ার সেমিনার অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. আনিচুর রহমান এর সভাপতিত্বে সেমিনারে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জোহান এ্যগ্রো ফুড প্রডাক্ট প্রাঃ লিঃ এর

নির্বাহী পরিচালক মোয়াজ্জেম হোসেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ বিসিক এর ডেপুটি ম্যানেজার সেলিনা রহমান, আইডিইডি’র সভাপতি ইয়াসির আলী, ইন্সেটেকটর সামায়ন হোসেন, আ.স.ম আহসান উল্লাহ প্রমূখ।

বিটিসিএলে ১৩১ পদে নিয়োগ

বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল) পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। নবম ও দশম গ্রেডে ১৩১ পদে আবেদন চলছে। এই দুটি পদে আগে যারা আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। আগের আবেদনই গ্রহণ করা হবে।

১. পদের নাম: হিসাবরক্ষক

পদসংখ্যা: ৩৪

আবেদনের যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অ্যাকাউন্টিংসহ বাণিজ্য বিভাগে চার বছর মেয়াদি স্নাতক ডিগ্রি থাকতে হবে। ন্যূনতম সিজিপিএ ৪-এর স্কেলে ২.০ এবং এসএসসি/এইচএসসি পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ৫-এর স্কেলে ৩.০ থাকতে হবে।

বেতন স্কেল: ১৬,৫২০-৪১,৭৪৫ টাকা (গ্রেড–৯)

২. পদের নাম: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট

পদসংখ্যা: ৯৭

আবেদনের যোগ্যতা: স্বীকৃত ইনস্টিটিউট থেকে বেতার/বৈদ্যুতিক/যান্ত্রিক শীতাতপে বৃত্তিমূলক প্রশিক্ষণসহ এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

বেতন স্কেল: ১৪,৫৬০-৩৬,৭৯২ টাকা (গ্রেড-১০)

আবেদনের সময়সীমা

আবেদনের শেষ দিন আজ।

সূত্র : যুগান্তর